



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/23/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সকল নিউ ইয়র্ক অঞ্চলে টেলিহেলথ সুযোগ সম্প্রসারণ করার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার নতুন অনুদান ঘোষণা করলেন

*টেলিহেলথ ক্যাপিটাল প্রোগ্রাম সুবিধা বঞ্চিত শহুরে ও গ্রামীণ সম্প্রদায়ে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ উন্নত করতে উদ্ভাবনী টেলিহেলথ সরঞ্জাম স্থাপনা সমর্থন করবে*

*নিউ ইয়র্ক স্টেট ও দাতব্য অংশীদারদের অংশীদারিত্ব স্বাস্থ্যসেবায় ন্যায্যতার অভাব নিরাময় করতে সাহায্য করবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে সুবিধা বঞ্চিত সম্প্রদায়ে টেলিহেলথের সুযোগ ও গ্রহণযোগ্যতা বৃদ্ধিকারী নতুন প্রযুক্তিতে বিনিয়োগের জন্য 3 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান প্রোগ্রাম ঘোষণা করলেন। প্রোগ্রামটি সম্প্রদায়ের স্বাস্থ্য সেবাদানকারীদের অডিও-ভিজুয়াল এবং রিমোট মনিটরিং ডিভাইস কিনতে এবং অন্যান্য সম্প্রদায় অংশীদারদের সাথে কাজ করে লাইব্রেরি, গৃহহীনদের শেল্টার, ফার্মেসি এবং অন্যান্য স্থানে বাস্তব টেলিহেলথ স্থান স্থাপনে সাহায্য করবে। স্টেটের দশটি অঞ্চলের প্রত্যেকটিকে 150,000 মার্কিন ডলার প্রদান করা হবে। অনুদানগুলির সমান অর্থ প্রদান করবে রকফেলার ফিল্যানথ্রপি অ্যাডভাইজারস (Rockefeller Philanthropy Advisors), যা এরিক ও ওয়েন্ডি স্মিটের উদারতা ও স্মিট ফিউচার্সের (Schmidt Futures) সুপারিশে নিউ ইয়র্ক স্টেট হেলথ ফাউন্ডেশনের (New York State Health Foundation) অংশীদারিত্বে স্থাপিত হয়েছে, কর্তৃক স্পনসরকৃত বেসরকারি দাতব্য সমর্থন দ্বারা। অনুদানগুলির উদ্দেশ্য হল স্বাস্থ্য সেবা প্রদানে উদ্ভাবনের জন্য সরকারি-বেসরকারি সমর্থন প্রদান। আবেদন শুরু হবে 2022 সালের 4 জানুয়ারি এবং আরো তথ্য পাওয়া যাবে [এখানে](#)।

"সকল নিউ ইয়র্কবাসীর উচ্চমানের স্বাস্থ্যসেবার অধিকার রয়েছে, তারা যেখানেই থাকুক না কেন," **গভর্নর হোকল বলেন।** "টেলিহেলথ একটি গুরুত্বপূর্ণ সরঞ্জাম যা সুবিধা বঞ্চিত সম্প্রদায়ে স্বাস্থ্যসেবা এবং নিউ ইয়র্কবাসীর সময় ও অর্থ সাশ্রয় করে। এই বিনিয়োগের মাধ্যমে, আমরা সকলের যাতে উচ্চমানের স্বাস্থ্যসেবার ব্যবস্থা থাকে এবং তারা যাতে ডাক্তার দেখাতে পারে তা নিশ্চিত করতে কাজ করছি।"

কোভিড-19 মহামারী দেখিয়েছে যে নিম্ন-আয়ের সম্প্রদায়ে সুযোগ সম্প্রসারিত করার জন্য টেলিহেলথ একটি অতি গুরুত্বপূর্ণ সরঞ্জাম। এই সঙ্কটের পুরো সময়ে, নিউ ইয়র্কবাসীরা আগ্রহের সাথে টেলিহেলথকে বরণ করে নিয়েছে, শুধু সামাজিক দূরত্বের প্রয়োজনেই নয় বরং

এই কারণেও যে টেলিহেলথ ডাক্তারের কাছে যাওয়ার সময় ও খরচ ছাড়াই উচ্চমানের স্বাস্থ্যসেবা পাওয়া সহজতর করে দিয়েছে। মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তির চিকিৎসায় অব্যাহত সেবার প্রয়োজনীয় মেটাতে এটি বিশেষ করে সত্য।

কোভিড-19 মহামারী টেলিহেলথ গ্রহণ ত্বরান্বিত করেছে। অনুদানগুলি নিশ্চিত করবে যে সকল নিউ ইয়র্কবাসী এইসব উদ্ভাবনের সুবিধা পায় এবং কেউ যেন বাদ না পড়ে। অনুদান প্রোগ্রামটি টেলিহেলথ সম্প্রসারণ ও এটি পাওয়ার সুবিধা উন্নত করার ক্ষেত্রে স্টেটের বৃহত্তর প্রচেষ্টার একটি অংশ। 2022 অর্থবছরের বাজেটে, নিউ ইয়র্ক সেকেন্ড স্থান আবশ্যিকতা অপসারণ করেছে এবং আরো বেশি মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তির চিকিৎসা প্রদানকারীকে দূরবর্তী স্থান থেকে সেবা প্রদানের অনুমতি দিয়েছে। এছাড়া নিউ ইয়র্ক একাধিক অনলাইন প্রশিক্ষণ প্রোগ্রাম শুরু করেছে যাতে প্রদানকারীরা টেলিহেলথ গ্রহণের ক্ষেত্রে সেবা অনুশীলন শিখতে পারে যা উপলভ্য [এখানে](#)।

নিউ ইয়র্ক স্টেট টেলিহেলথ উদ্ভাবনে নেতৃস্থানীয়, যা নিউ ইয়র্কবাসীদের মানসম্পন্ন স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করে দেওয়ার সম্ভাবনা রাখে।

**ডিপার্টমেন্ট অফ হেলথের (Department of Health) ভারপ্রাপ্ত নির্বাহী ডেপুটি কমিশনার ক্রিস্টিন প্রাউড বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবার ভবিষ্যতের জন্য টেলিহেলথ একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান। টেলিহেলথ পাওয়ার সুযোগ সম্প্রসারিত করে, আমরা প্রতিবন্ধকতা অপসারণ করে দিচ্ছি যা নিউ ইয়র্কবাসীর প্রয়োজনীয় ও প্রাপ্য চিকিৎসা সময়মত পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে সাহায্য করবে। বিনিয়োগগুলি ঐতিহাসিকভাবে সুবিধা বঞ্চিত সম্প্রদায়গুলির জন্য উচ্চমানের ও নির্ভরযোগ্য সেবা প্রদান করবে, ন্যায্যতা বৃদ্ধি করবে এবং স্বাস্থ্যসেবায় ন্যায্যতার অভাব নিরাময় সাহায্য করবে।"

**স্মিট ফিউচার্সের সহপ্রতিষ্ঠাতা এবং গুগলের সাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক স্মিট বলেন,** "মহামারী আমাদের দেখিয়ে দিয়েছে যে টেলিহেলথ হল কার্যকর স্বাস্থ্যসেবা ব্যবস্থার অপরিহার্য অংশ। টেলিহেলথের সর্বোচ্চ সুবিধা লাভের জন্য আমাদেরকে রোগীদের প্রয়োজনীয় ডিভাইস ও অবকাঠামোর অধিকারী করতে হবে। উদ্যোগটি সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও স্বাস্থ্যবান রাখার জন্য উদ্ভাবনী সমাধানের প্রতি নিউ ইয়র্কের দৃঢ় প্রতিশ্রুতিকে চিহ্নিত করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে [এখানে](#) [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)